# CUET, KUET ও RUET- এর স্নাতক পর্যায়ের সমন্বিত ভর্তি প্রক্রিয়া
## শিক্ষাবর্ষ: ২০২৩-২০২৪

তারিখঃ ৩০/০৪/২০২৪ ইং।

## ভর্তি প্রক্রিয়া সংক্রান্ত বিজ্ঞপ্তি (২য় পর্যায়)

২০২৩-২৪ শিক্ষাবর্ষে চুয়েট, কুয়েট ও রুয়েট এর বিভিন্ন বিভাগে স্নাতক পর্যায়ে ভর্তির জন্য ০৩/০৩/২০২৪ ইং, রবিবার অনুষ্ঠিত ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের প্রকাশিত মেধা তালিকা হতে গত ২৮/০৪/২০২৪ ইং ও ২৯/০৪/২০২৪ ইং তারিখে ১ম পর্যায়ে শিক্ষার্থী ভর্তি করা হয়। ভর্তিকৃত প্রার্থীদের প্রাপ্ত বিভাগ ও বিশ্ববিদ্যালয় এবং বিভাগওয়ারী শূন্য আসন সংখ্যা সমন্বিত ভর্তি পরীক্ষার ওয়েবসাইট https://admissionckruet.ac.bd এ প্রদান করা হয়েছে। ১ম ভর্তির পর আসন খালি থাকায় নিম্নবর্ণিত মেধাক্রমধারী শিক্ষার্থীদের আগামী ০৮/০৫/২০২৪ইং তারিখে ভর্তির জন্য নিরীক্ষা কমিটির নিকট উপস্থিত হওয়ার জন্য নির্দেশ দেওয়া হলো।

| বিভাগ ও সংরক্ষিত আসনসমূহ | 'ক' গ্রুপ | 'খ' গ্রুপ | ভর্তির তারিখ ও সময়সূচী |
|---|---|---|---|
| ইঞ্জিনিয়ারিং বিভাগসমূহ এবং নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগ | মেধাক্রমঃ ৩৫০১-৫৫০০ | - | ০৮/০৫/২০২৪ ইং, বুধবার, সকাল ০৯:৩০ ঘটিকা হতে বিকাল ৩:৩০ ঘটিকা |
| স্থাপত্য বিভাগ | | মেধাক্রমঃ ১২১-৩৫০ | |
| পার্বত্য চট্টগ্রাম ও অন্যান্য জেলার ক্ষুদ্র নৃ-গোষ্ঠি | মেধাক্রমঃ ১৯-২৭ | | |

**উপরোক্ত ছক অনুযায়ী মেধাক্রমের ভিত্তিতে নিরীক্ষা কমিটির নিকট উপস্থিত প্রার্থীদের আসন খালি থাকা সাপেক্ষে ভর্তি করা হবে। আসন সংখ্যার চেয়ে বেশি প্রার্থী উপস্থিত হলে প্রার্থীদের মধ্য হতে মেধাক্রম অনুযায়ী একটি তালিকা সংরক্ষন করা হবে। পরবর্তিতে উক্ত তালিকা হতে আসন খালি হওয়া সাপেক্ষে ভর্তির জন্য প্রার্থীদের পর্যায়ক্রমে ডাকা হবে।**

**প্রার্থীদের করণীয় ঃ**

- উপরোক্ত ছকে মেধাক্রমধারী প্রার্থীদের https://admissionckruet.ac.bd লিংকে প্রবেশ করে Applicant Login করতে হবে। পূর্বে পূরণকৃত "Online Choice Form" এবং Login Panel এ নির্দেশিত অন্যান্য সকল ফরম download করে পূরণ করে (প্রিন্টেড কপি) ভর্তির সময় নিয়ে আসতে হবে। উল্লেখ্য যে, প্রার্থী যদি Online Choice Form পূর্বে পূরণ করে না থাকে অথবা পূর্বে পূরণকৃত Online Choice Form পরিবর্তন করতে চায় তবে ভর্তির দিন তা পূরণের সুযোগ থাকবে।
- ভর্তি কার্যক্রম CUET, KUET ও RUET কেন্দ্র সমূহে একযোগে অনুষ্ঠিত হবে । প্রার্থী যে কেন্দ্রে ভর্তি পরীক্ষায় অংশ নিয়েছে উক্ত কেন্দ্রেই উপস্থিত হয়ে তাঁকে ভর্তির জন্য প্রয়োজনীয় কার্যক্রম সম্পন্ন করতে হবে। নিরীক্ষা কমিটি দ্বারা প্রার্থীদের সনদপত্র যাচাইপূর্বক জমাদান পরবর্তী স্বাস্থ্য পরীক্ষা করতে হবে।
- পরের দিন (০৯/০৫/২০২৪ ইং) সকালে প্রাপ্ত বিশ্ববিদ্যালয় ও প্রাপ্ত বিভাগ দেখে ভর্তির জন্য নির্ধারিত ফি ১৮,৫০০/- (আঠারো হাজার পাঁচশত টাকা মাত্র) সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ের নির্দেশিত ব্যাংকে বিকাল ৩:০০ ঘটিকার মধ্যে জমা দিতে হবে। তবে কোন প্রার্থী স্বাস্থ্য পরীক্ষা শেষে একই দিন (০৮/০৫/২০২৪ ইং) ভর্তির জন্য নির্ধারিত ফি ১৮,৫০০/- (আঠারো হাজার পাঁচশত টাকা মাত্র) কর্তৃপক্ষের অনুমতিক্রমে ব্যাংকে জমা দিতে পারবে।

**ভর্তির সময় প্রার্থীকে অবশ্যই নিম্নবর্ণিত সনদপত্রাদি নিরীক্ষা কমিটির নিকট দাখিল করতে হবে:**

১. শিক্ষা বোর্ড কর্তৃক প্রদত্ত এইচ. এস. সি. বা সমমান পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ড।
২. মাধ্যমিক বা সমমানের পরীক্ষার মূল সনদপত্র।
৩. মাধ্যমিক বা সমমানের পরীক্ষার গ্রেডশীট এর মূলকপি।
৪. উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষার গ্রেডশীট এর মূলকপি।
৫. শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রদত্ত উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষার প্রশংসাপত্রের মূলকপি।
৬. সদ্য তোলা (অনধিক ৩ মাস) ২ (দুই) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি ।
৭. সমন্বিত ভর্তি পরীক্ষার প্রবেশপত্র।
৮. সংরক্ষিত আসনে ভর্তির জন্য প্রয়োজনীয় অতিরিক্ত কাগজপত্র:

(a) ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর বা উপজাতীয় সনদপত্রের মূল কপি।

রাখাইন সম্প্রদায় ও ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর (উপজাতি) প্রার্থীদের বাংলাদেশের স্থায়ী বাসিন্দা এবং উপজাতীয়তার প্রমানস্বরূপ (১) যে কলেজ থেকে পাস করেছে সে কলেজের অধ্যক্ষ, (২) জেলা প্রশাসক/স্থানীয় পৌরসভা/জেলা পরিষদ/ইউনিয়ন পরিষদ এর চেয়ারম্যান এবং (৩) উপজাতীয় মোড়লের নিকট থেকে মোট ৩ (তিন) টি মূল সার্টিফিকেট দাখিল করতে হবে।

CamScanner

অথবা

(b) জেলা প্রশাসক/স্থানীয় পৌরসভা/জেলা পরিষদ/ইউনিয়ন পরিষদ এর চেয়ারম্যানের নিকট থেকে বান্দরবান জেলার স্থায়ী বাসিন্দার সনদপত্রের মূল কপি।

**স্বাস্থ্য পরীক্ষা ঃ**

প্রার্থী যে বিশ্ববিদ্যালয়ে ভর্তি হবে সে বিশ্ববিদ্যালয়ের স্বাস্থ্য কর্মকর্তাদের সমন্বয়ে গঠিত চিকিৎসা বোর্ড কর্তৃক ভর্তির জন্য বিবেচিত সকল প্রার্থীর স্বাস্থ্য পরীক্ষা করবেন। স্বাস্থ্য পরীক্ষায় যদি হৃদরোগ, দৃষ্টি কিংবা শ্রবণ শক্তির ত্রুটি অথবা কোন প্রকারের শারীরিক বা মানসিক অক্ষমতা ধরা পড়ে, যার ফলে বিশ্ববিদ্যালয়ে অধ্যয়ন অথবা পেশাগত কার্যনির্বাহে প্রার্থীর পক্ষে অসুবিধা হতে পারে বলে ভর্তি কমিটির নিকট প্রতীয়মান হয় তাহলে তাকে ভর্তির অনুপযুক্ত বলে গণ্য করা হবে। ভর্তির জন্য নির্বাচিত প্রার্থীদের প্রতিষ্ঠিত ডায়াগনষ্টিক সেন্টার থেকে **Blood Group Test** এর রিপোর্ট নিয়ে ভর্তির দিনে আসতে হবে এবং সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয় কর্তৃক গঠিত চিকিৎসা বোর্ডের নিকট জমা দিতে হবে। প্রয়োজনবোধে ভর্তির নিমিত্তে গঠিত চিকিৎসা বোর্ডের সিদ্ধান্ত অনুযায়ী প্রয়োজনীয় মেডিক্যাল টেস্ট রিপোর্ট দাখিল করতে হবে এবং সংশ্লিষ্ট মেডিক্যাল বোর্ডের নির্দেশনা মোতাবেক জমা দিতে হবে। মেডিকেল টেস্টের দিন চশমা ব্যবহারকারী ছাত্র-ছাত্রীদের অবশ্যই চশমা সঙ্গে রাখতে হবে। সমন্বিত ভর্তি পরীক্ষার ওয়েবসাইট (https://admissionckruet.ac.bd) থেকে স্বাস্থ্য পরীক্ষার নির্ধারিত ফরম ডাউনলোড করা যেতে পারে।

**ভর্তি সম্পর্কিত অন্যান্য প্রয়োজনীয় তথ্যাবলী:**

- প্রার্থীদের মেধাস্থান এবং পছন্দক্রম অনুসারে বিশ্ববিদ্যালয় ও বিভাগ নির্ধারন করা হবে যা ভর্তির দ্বিতীয় দিন (০৯/০৫/২০২৪ ইং) বেলা ১০:০০ টার মধ্যে ভর্তির জন্য সংশ্লিষ্ট ওয়েব সাইটে দেয়া হবে।
- ভর্তি প্রক্রিয়া চলাকালীন সময়ে প্রার্থী তাঁর Dashboard এ লগ ইন করে Auto migration বন্ধ করার আবেদন করতে পারবে। আবেদনের সময় নির্ধারিত ফরম পূরণ করে আপলোড করতে হবে।
- ভর্তির জন্য নির্ধারিত দিনে (০৮/০৫/২০২৪ ইং) Auto migration প্রক্রিয়া বন্ধ থাকবে। তবে ভর্তির পরের দিন (০৯/০৫/২০২৪ ইং) (ভর্তি ফি জমা দেয়ার দিন) সকাল ১০:০০ ঘটিকা হতে বিকাল ৩:০০ ঘটিকা পর্যন্ত প্রার্থীর জন্য Auto migration প্রক্রিয়া বন্ধের (off) সার্ভিস টি চালু থাকবে। **প্রার্থীরা যদি তাঁদের প্রাপ্ত বিশ্ববিদ্যালয় ও বিভাগেই পড়তে ইচ্ছুক হয় তবে তাঁদেরকে Auto migration প্রক্রিয়া ০৯/০৫/২০২৪ ইং সকাল ১০.০০ ঘটিকা হতে বিকাল ৩.০০ ঘটিকার মধ্যে বন্ধ করতে হবে। অন্যথায় তাঁদের মেধাস্থান এবং বিভাগ পছন্দক্রম অনুসারে বিশ্ববিদ্যালয় ও বিভাগ Auto migration প্রক্রিয়ার মাধ্যমে পরিবর্তিত হবে।**
- **সংশ্লিষ্ট গ্রুপে (Eng+ URP অথবা Architecture) Auto migration প্রক্রিয়া একবার বন্ধ করলে আর চালু করা যাবে না।**
- ভর্তিকৃত প্রার্থীর প্রাপ্ত বিশ্ববিদ্যালয় ও বিভাগ, মোট শূন্য আসন সংখ্যা এবং পরবর্তী ভর্তির জন্য নির্বাচিত প্রার্থীদের তালিকা ১২/০৫/২০২৪ ইং এর মধ্যে ওয়েব সাইটে দেয়া হবে।
- প্রার্থী যে বিশ্ববিদ্যালয়েই ভর্তি হোক না কেন প্রার্থীর মেধাস্থান ও পছন্দক্রম অনুসারে সর্বশেষ Auto migration সম্পন্ন হওয়ার পর প্রাপ্ত বিশ্ববিদ্যালয় ও বিভাগেই ক্লাস শুরু করতে হবে।
- আসন খালি থাকা স্বাপেক্ষে ওরিয়েন্টশনের পূর্বের দিন পর্যন্ত ভর্তি প্রক্রিয়া চলমান থাকবে। ভর্তি বাতিল জনিত কারনে কোন আসন শূন্য হলে প্রাথীর মেধাস্থান ও পছন্দক্রম অনুসারে Auto migration চলবে।
- ভর্তিকৃত কোন প্রার্থীর ভর্তি বাতিল করতে হলে ভর্তি বাতিলের নিয়মাবলী মেনে শেষ ভর্তির পূর্বের দিন পর্যন্ত ভর্তিকৃত বিশ্ববিদ্যালয় (যে বিশ্ববিদ্যালয়ে ভর্তির কাগজপত্রাদি জমা দিয়েছে) হতে ভর্তি বাতিল করতে পারবে। ক্লাস শুরুর পর ভর্তি বাতিল করতে হলে স্ব স্ব বিশ্ববিদ্যালয়ের নিয়মানুযায়ী করতে হবে।
- অনিবার্যকারনবশতঃ ভর্তির তারিখসমূহ পরিবর্তন করা হলে তা সমন্বিত ভর্তি পরীক্ষার ওয়েবসাইট https://admissionckruet.ac.bd এর মাধ্যমে প্রকাশ করা হবে।
- ভর্তি সংক্রান্ত কোন তথ্য জানার জন্য অফিস চলাকালীন সময়ে ০১৭৫৯১২৩১৪৮ (চুয়েট), ০১৭৯৯২৭৩৬৫৫ (কুয়েট) এবং ০১৩২৬৭৩৪৩৮৮ (রুয়েট) নম্বরে যোগাযোগ করা যাবে।

30/4/24

**(অধ্যাপক ড. মোঃ মহি উদ্দিন)**
**সদস্য-সচিব**
Central Admission Committee (CAC)
CUET, KUET ও RUET- এর সমন্বিত ভর্তি পরীক্ষা
(শিক্ষাবর্ষ: ২০২৩-২০২৪)

30/04/2024

**(অধ্যাপক ড. সুদীপ কুমার পাল)**
**সভাপতি**
Central Admission Committee (CAC)
CUET, KUET ও RUET- এর সমন্বিত ভর্তি পরীক্ষা
(শিক্ষাবর্ষ: ২০২৩-২০২৪)

CS CamScanner